

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৯২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২২. কালের বিবর্তন ও নতুন বিষয়ের আবির্ভাব

بَابُ تَغْيِيرِ الزَّمَانِ وَمَا يَحْدُثُ فِيهِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، عَنْ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: " كَيْفَ أَنْتُمْ إِذَا لَبِسْتُمْ فِتْنَةً يَهْرُمُ فِيهَا الْكَبِيرُ وَيَرَبُّو فِيهَا الصَّغِيرُ، إِذَا تَرَكَ مِنْهَا شَيْءٌ قِيلَ: تَرَكْتَ السُّنَّةَ "، قَالُوا: وَمَتَى ذَلِكَ؟ قَالَ: «إِذَا زَهَبَتْ عُلَمَاؤُكُمْ، وَكَثُرَتْ جُهْلَاؤُكُمْ، وَكَثُرَتْ قُرَاؤُكُمْ، وَقَلَّتْ فُقَهَاؤُكُمْ، وَكَثُرَتْ أُمَرَاؤُكُمْ، وَقَلَّتْ أُمَنَاؤُكُمْ، وَالتَّمَسَّتِ الدُّنْيَا بِعَمَلِ الْآخِرَةِ، وَتُفْقَهُ لِغَيْرِ الدِّينِ

إِسْنَادُهُ ضَعِيفٌ لضعف يزيد بن أبي زياد ولكن الحديث صحيح بما سبقه

বাংলা

১৯২. আলকামাহ বর্ণনা করেন, আব্দুল্লাহ (ইবনু মাসউদ) রাঈয়াল্লাহু আনহু বলেছেন, তোমাদের অবস্থা তখন কেমন হবে যখন ফিতনা তোমাদের আচ্ছন্ন করে ফেলবে, যার মধ্যেই বড়রা বৃদ্ধ হবে এবং ছোটরা বেড়ে উঠবে? যখন তা (ফিতনা) থেকে সামান্য কিছু পরিত্যাগ করা হবে, তখন বলা হবে, সুন্নাতকে পরিত্যাগ করা হল! তারা জিজ্ঞেস করল, এটা কখন ঘটবে? তিনি বললেন, যখন তোমাদের মধ্যকার আলিমগণ মৃত্যুবরণ করবেন এবং তোমাদের মাঝে জাহিল (মুর্থ)দের সংখ্যা বৃদ্ধি পাবে, তোমাদের মধ্যে কুররা বা দরবেশের সংখ্যা বেশি হবে এবং ফকীহ (বিশেষজ্ঞ আলিম) দের সংখ্যা কমে যাবে, আমীর বা নেতার সংখ্যা বেড়ে যাবে এবং আমানতদারের সংখ্যা কমে যাবে, আখিরাতের আমলের (কাজের) দ্বারা দুনিয়া (এর লাভ) অশ্বেষণ করা হবে এবং দ্বীনের উদ্দেশ্যে ব্যতীত অন্য উদ্দেশ্যে গভীর জ্ঞান (ফিকহ) অর্জন করা হবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যযীফ; কেননা, ইয়াযীদ ইবনু আবী যিয়াদ যযীফ। কিন্তু হাদীসটি সহীহ পূর্ববর্তী হাদীস

অনুসারে।

তাখরীজ: ইবনু ওয়াদাহ, আল বিদ'আহ, পৃ: ৮৯ এবং সংক্ষিপ্ত আকারে পৃ: ৩৪ এ; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম, নং ১১৩৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69503>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন